

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : ড. নাহিদ রশীদ
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ২১/০৫/২০২৩; দুপুর: ০২.০০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

- ০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টীকরণ করা হয়। এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মাহমুদা সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার বিষয়ক প্রস্তুতকৃত কর্ম-পরিকল্পনা "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোডের কার্যক্রম চলমান রয়েছে। দপ্তর/সংস্থা কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রস্তুতকৃত খসড়া কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ এবং "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়।
- ০৩। সভায় শুদ্ধাচার বিষয়ক ডেস্ক অফিসার জানান যে, গত ০৩/০৫/২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নধীন শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার তৃতীয় ত্রৈমাসিক ফিডব্যাক এবং ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও গাইডলাইন অবহিতকরণ প্রশিক্ষণে মন্ত্রণালয়ের কর্ম-পরিকল্পনা ২৫/০৫/২০২৩ তারিখের "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোডের নির্দেশনার প্রেক্ষিতে কার্যক্রম চলমান রয়েছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বিষয়ক খসড়া কর্মপরিকল্পনা নৈতিকতা কমিটিতে চূড়ান্তকরণে "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোডের নিমিত্ত দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কার্যক্রমের সাথে জড়িত কর্মকর্তাদের সমন্বয়ে জরুরিভিত্তিতে ০১ (এক) টি কর্মশালা আয়োজন করা আবশ্যিক। মন্ত্রণালয়ের প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সে প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত পর্যাপ্ত অর্থ না থাকায় সংশ্লিষ্ট বিষয়ে কর্মশালা আয়োজনের জন্য কমিটির সদস্যগণ অভিমত ব্যক্ত করেন।
- ০৩। সিদ্ধান্তঃ
- (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার বিষয়ক প্রস্তুতকৃত কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোডের নির্দেশনা প্রদান করা হয়।
 - (২) মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বিষয়ক খসড়া কর্মপরিকল্পনা "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোডের নিমিত্ত জরুরিভিত্তিতে কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(Handwritten signature)

(ড. নাহিদ রশীদ)
সচিব
ও
সভাপতি

শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি